

B

বাংলাদেশ মেরিন একাডেমি

৫৩ ব্যাচ ক্যাডেট নির্বাচনী পরীক্ষা: ১৪ অক্টোবর ২০১৬

সময়কাল: ২ ঘণ্টা

পূর্ণমান: ২০০ × ১ = ২০০

গণিত

১. সামান্তরিকের একটি বাহু ১৮ সেমি ও অন্য বাহু থেকে এটার দূরত্ব ৮ সেমি হলে, সামান্তরিকের ক্ষেত্রফল কত?

(A) 72 cm², (B) 96 cm², (C) 48 cm², (D) 144 cm²

২. $y - x\sqrt{3} - 7 = 0$ সরলরেখার ঢাল এবং x অক্ষের সাথে উৎপন্ন কোণ বের কর।

(A) 3, 30°, (B) $\sqrt{3}$, 60°, (C) 1, 45°, (D) কোনোটিই নয়

৩. পরাবৃত্তের সমীকরণ $y^2 = 4ax$ হলে, উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় কর।

(A) $x+a=0$, (B) $x-a=0$, (C) $y=0$, (D) $x=0$

৪. একটি লোক ৬০০ মিটারের একটি রাস্তা ৫ মিনিটে অতিক্রম করে। ঘণ্টায় তাঁর গতি কত কিমি? (A) 7.2, (B) 3.6, (C) 10, (D) 8.4

৫. $(1+x)(1-x)^{-1}$ -এর বিস্তৃতিতে x^9 -এর সহগ বের কর।

(A) 1, (B) 2, (C) 9, (D) None

৬. সমাধান কর: $\text{Cosec}\theta + \text{Cot}\theta = \sqrt{3}$

(A) $2n\pi + \pi/6$, (B) $2n\pi - \pi/6$, (C) $2n\pi + \pi/3$, (D) $n\pi + \pi/3$

৭. A ও B দুইটি সেট এবং $A=B$ হলে, কোনটি সঠিক?

(A) $A \times B = B \times A$, (B) $A \times B \neq B \times A$, (C) $A \times B = U$, (D) $B \times A = U$

৮. $f(x) = \sqrt{1-x^2}$ -এর রেঞ্জ কত?

(A) [-1, 0], (B) [-1, 1], (C) [0, 1], (D) [0, ∞]

৯. যদি এককের একটি ঘনমূল w হয়, তাহলে $(1-w+w^2)(1-w^2+w^4)(1-w^4+w^8) \dots$ to 6 factors=? (A) 16, (B) 32, (C) 64, (D) 48

১০. যদি $ax^2+bx+c=0$ সমীকরণে a, b, c মূলসমূহ রাসনাল হয়, কোনটি সঠিক? (A) $b^2-4ac > 0$, (B) $b^2-4ac = 0$, (C) $b^2-4ac < 0$, (D) $b^2-4ac \leq 0$

১১. ${}^nC_r + {}^nC_{r-1} = ?$ (A) ${}^{r+1}C_n$, (B) ${}^{r+1}C_r$, (C) ${}^{n+1}C_n$, (D) ${}^{n+1}C_r$

১২. $\text{Sec}^2(\tan^{-1} 2) + \text{Cosec}^2(\cot^{-1} 3) = ?$ (A) 9, (B) -9, (C) 6, (D) 15

১৩. যদি $\tan 2\theta \cdot \tan \theta = 1$, তাহলে $\theta = ?$

(A) $n\pi + \pi/3$, (B) $n\pi + \pi/6$, (C) $n\pi - \pi/3$, (D) $n\pi - \pi/6$

১৪. একটি বিন্দু $(a, 5)$, y -অক্ষ ও আরেকটি বিন্দু $(7, 2)$ থেকে সম-দূরত্বে অবস্থিত হলে, $a = ?$ (A) 7/29, (B) 7/28, (C) 29/7, (D) 28/7

১৫. একটি ত্রিভুজের শীর্ষ-বিন্দুসমূহ (x, y) , $(1, 2)$ ও $(2, 1)$ এবং এর ক্ষেত্রফল ৬ বর্গ একক হলে, কোনটি সঠিক?

(A) $x-y=12$, (B) $x+y=15$, (C) $x+y=12$, (D) $x-y=15$

১৬. যদি $a_1x+b_1y+c_1=0$, $a_2x+b_2y+c_2=0$ সরলরেখা দুটি সমান্তরাল হয়, তাহলে কোনটি সঠিক?

(A) $a_1=a_2$, (B) $b_1=b_2$, (C) $a_1b_2=a_2b_1$, (D) $a_1a_2=b_1b_2$

১৭. $x^2+y^2+2gx+2fy+c=0$ সরলরেখাটি যদি একটি বিন্দু বৃত্তকে বোঝায়, তাহলে কোনটি সঠিক? (A) $g^2=c$, (B) $f^2=c$, (C) $g^2+f^2=c$, (D) None

১৮. একটি পরাবৃত্ত $(x^2+4x+2y=0)$ -র শীর্ষ বিন্দু হবে:

(A) (0, 0), (B) (2, 2), (C) (-2, 2), (D) (2, -2)

১৯. $xy+x^2y^2=c$ হলে, $dy/dx = ?$ (A) y/x , (B) $-y/x$, (C) x/y , (D) $-x/y$

২০. $y=x^2$ হলে, $y_{2n} = ?$ (A) 0, (B) L_n , (C) L_{2n} , (D) ∞

২১. যদি $y=e^x \cos x$, তাহলে $y_4 = ?$ (A) y , (B) $-y$, (C) $4y$, (D) $-4y$

২২. $\int \ln x \, dx = ?$ (A) $x \ln x + x$, (B) $\ln x + x$, (C) $\ln x - x$, (D) $x \cdot \ln x - x$

২৩. একটি উপবৃত্ত $x^2/9+y^2/4=1$ -র ক্ষেত্রফল হবে:

(A) 6π , (B) π , (C) 9π , (D) 4π

২৪. $\phi(x, y) = x^2 - y^2$ নির্দেশ করে:

(A) স্ক্যালার ফাংশন, (B) ভেক্টর ফাংশন, (C) উভয়ই, (D) কোনোটিই নয়

২৫. বাইনারি সংখ্যা 10101.01 - কে ডেসিমিয়ালে প্রকাশ কর:

(A) 18.25, (B) 18.50, (C) 21.25, (D) 21.50

২৬. যদি $2x+3y=4$ এবং $x-y=7$ হয়, তবে [Cramer's Rule-এর সাহায্যে]

 $(x, y) =$ কত? (A) (2, 5), (B) (-2, -5), (C) (-2, 5), (D) (5, -2)

২৭. যদি $A=i+2j+3k$ এবং $B=3i-2j-k$ হয়, $|Ax|$ -র মান কত?

(A) $\sqrt{180}$, (B) $\sqrt{52}$, (C) $\sqrt{20}$, (D) $\sqrt{160}$

২৮. ΔPQR -এর পরিমাপ বের কর যখন $Q=90^\circ$, $PR=8$ এবং $QR=4$

(A) $12+\sqrt{3}$, (B) 28, (C) $12+4\sqrt{3}$, (D) কোনোটিই নয়।

২৯. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কোনটি? (A) $2\sqrt{2}$, (B) $\sqrt{2}$, (C) 1, (D) $4\sqrt{2}$

৩০. নীচের কোনটি দিয়ে দুইটি ত্রিমিক সংখ্যার গুণফল প্রকাশ করে?

(A) n^2+n , (B) $2n+n$, (C) $2n+1$, (D) $2n^2$

৩১. কোন সংখ্যাটি c -এর গুণিতক?

(A) 923862, (B) 923962, (C) 923972, (D) 923872

৩২. একটি ঘনকের পৃষ্ঠদেশের ক্ষেত্রফল ২১৬ বর্গ সেমি হলে, সেটার আয়তন কত? (A) 216, (B) 864, (C) 648, (D) 1296

৩৩. নীচের কোন ট্রেনটির গতি সবচেয়ে বেশি?
(A) 90 km/hr, (B) 1500 m/min, (C) 25 m/sec, (D) none

৩৪. দশটি সংখ্যার গড় ৭। প্রতিটিকে ১২ দিয়ে গুণ করলে নতুন সংখ্যাগুলোর গড় কত? (A) 7, (B) 42, (C) 56, (D) 84

৩৫. ৪৯ এবং ৬৪-র মধ্যকার অনুপাত বের করা।
(A) 55, (B) 56, (C) 57, (D) 58

৩৬. একটি বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর যার কোটি ভূজের দ্বিগুণ এবং (৪, ৩) বিন্দু হতে $\sqrt{10}$ একক দূরত্বে অবস্থিত। (A) 4,8, (B) 1,2, (C) 2,4, (D) 5,10

৩৭. $y=e^{mx}$ হলে, d^ny/dx^n কত?
(A) e^{mx} , (B) $m^n e^{mx}$, (C) $n^n e^{mx}$, (D) $m^2 e^{mx}$

৩৮. $\int e^{\sin x} \cos x dx = ?$ (A) $e^{\sin x} + c$, (B) $e^{\cos x} + c$, (C) $e^{\sin x}$, (D) $e^{\cos x}$

৩৯. X অক্ষের সমান্তরাল স্পর্শকের জন্য কোনটি সঠিক?
(A) $x+y=0$, (B) $dy/dx=0$, (C) $dx/dy=0$, (D) $x=0$

৪০. $y = \sqrt{16-x^2}$ ফাংশনটির ডোমেইন নির্ণয় করা।
(A) $-4 \leq x \leq 4$, (B) $-4 \geq x \geq 4$, (C) R, (D) None

৪১. Tangent function-এর মৌলিক পর্যায় কোনটি?
(A) 4π , (B) 3π , (C) 2π , (D) π

৪২. ABC ত্রিভুজে $\angle B=45^\circ$, $\angle C=105^\circ$ এবং $a=3\sqrt{2}$ হলে, b-র মান কত?
(A) 6, (B) $6\sqrt{2}$, (C) 3, (D) $3\sqrt{2}$

৪৩. $7\pi/15$ রেডিয়ানকে ষাটমূলক পদ্ধতিতে প্রকাশ করা।
(A) 48° , (B) 84° , (C) $57^\circ 17'$, (D) $72^\circ 53'$

৪৪. ঘড়িতে এখন ৭:৩০ বাজে। ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মাঝের কোণ কত হবে? (A) 15° , (B) 30° , (C) 45° , (D) 60°

৪৫. $P(A \cap B) = 1/3$, $P(A \cup B) = 5/6$, $P(A) = 1/2$ হলে, $P(B) = ?$
(A) $2/5$, (B) $1/4$, (C) $2/3$, (D) $1/3$

৪৬. $x^2 - y^2 = 9$ কার সমীকরণ?
(A) পরাবৃত্ত, (B) বৃত্ত, (C) অধিবৃত্ত, (D) কোনোটিই নয়

৪৭. ৯০ কত সংখ্যার ৪৫% হয়? (A) 220, (B) 200, (C) 230, (D) 250

৪৮. K-র মান কত হলে $(k-1)x^2 + (k+2)x + 4 = 0$ সমীকরণটির মূলগুলো বাস্তব ও সমান হবে? (A) 2,10, (B) 10,1, (C) 2,1, (D) 2,8

৪৯. $1+i$ জটিল সংখ্যাটির মডুলাস ও আর্গুমেন্ট নির্ণয় করা।
(A) 2, $\pi/4$, (B) $\sqrt{2}$, $\pi/4$, (C) $\sqrt{2}$, $\pi/6$, (D) $\sqrt{2}$, $\pi/2$,

৫০. $৩/৭$ ও $৫/২$ -এর গ.সা.গু কোনটি?
(A) $3/14$, (B) $1/14$, (C) $5/14$, (D) None

পদার্থবিদ্যা

৫১. কোনো পদার্থের কার্য আপেক্ষক 13.26 eV হলে ঐ পদার্থতে সূচন কম্পাঙ্ক কত? ($h=6.63 \times 10^{-34}$ J) (A) 3.2×10^{15} Hz, (B) 4.46×10^{12} Hz, (C) 1.6×10^{17} Hz, (D) 2.6×10^{18} Hz

৫২. 16 ভর সংখ্যার নিউক্লিয়াসের ব্যাসার্ধ 3×10^{-12} m এবং অন্য একটি নিউক্লিয়াসের ব্যাসার্ধ 6×10^{-12} m হলে এর ভর সংখ্যা কত?
(A) 168, (B) 98, (C) 128, (D) 120

৫৩. একটি কমন-বেস ট্রানজিস্টর বিন্যাসে অ্যামিটার প্রবাহ 1.25×10^{-3} Amp এবং বেস প্রবাহ 4.5×10^{-4} Amp হলে কালেক্টর প্রবাহ কত Amp হবে?
(A) 3×10^{-3} , (B) 3.5×10^{-4} , (C) 8.5×10^{-2} , (D) 8×10^{-4}

৫৪. 4D ক্ষমতার একটি উত্তল লেন্সের সাথে আরও একটি উত্তল লেন্স যুক্ত করলে সমন্বিত লেন্সের ফোকাস দূরত্ব হয় 20 cm। দ্বিতীয় লেন্সের ক্ষমতা কত?
(A) 2D, (B) 1D, (C) 3D, (D) 2.5D

৫৫. বস্তুর উত্থান-পতনে অতিবাহিত সময় বা ভ্রমণকাল:
(A) $T = V_0^2/g$, (B) $T = V_0^2/2g$, (C) $T = 2V_0/g$, (D) $T = V_0/g$

৫৬. বৃত্তাকার পথে 72 kmh^{-1} সমদ্রুতিতে চলমান কোন গাড়ির কেন্দ্রমুখী ত্বরণ 1 ms^{-2} বৃত্তাকার পথের ব্যাসার্ধ কত?
(A) 400m, (B) 200m, (C) 72m, (D) 720m

৫৭. কোন পদার্থটির সান্দ্রতা সবচেয়ে বেশি?
(A) সয়াবিন তেল, (B) সরিষা তেল, (C) তরল দুধ, (D) মধু

৫৮. পড়ন্ত বৃষ্টি চলন্ত গাড়ির সামনের কাঁচ ভিজিয়ে দেয় যে কারণে:
(A) গাড়ির বেগ, (B) বাতাস, (C) বৃষ্টির লব্ধি বেগ, (D) চুম্বকত্ব

৫৯. ১ নিউটন বল হল:
(A) 1 kgxms^{-1} , (B) 1 kgx1m , (C) 1 kgx1ms^{-2} , (D) 1 kgxg

৬০. একটি মোটর ঘণ্টায় 25×10^6 kg পানি 50m উঁচুতে তুলতে পারে। মোটরটির ক্ষমতা কত? (A) $1225 \times 10^7 \text{ J}$, (B) $1225 \times 10^3 \text{ J}$, (C) $125 \times 10^6 \text{ J}$, (D) $5 \times 10^5 \text{ J}$

৬১. একটি স্প্রিংকে টেনে x পরিমাণ সম্প্রসারণ করলে স্প্রিংয়ের মধ্যে যে পরিমাণ স্থিতি শক্তি সঞ্চিত হয়, তা হল:
(A) $U = 1/2 kx$, (B) $U = 1/2 kx^2$, (C) $U = kx$, (D) $U = 1/2 k^2 x$

৬২. কোথায় বস্তুর ওজন শূন্য?
(A) মেরু অঞ্চলে, (B) বিষুব অঞ্চলে, (C) পৃথিবীর কেন্দ্রে, (D) কোনোটিই নয়

৬৩. একটি সরল দোলকের পূর্ণ দোলনের গড় গতি শক্তি হল:
(A) $1/2 m \omega^2 A$, (B) $m \omega^2 A^2$, (C) শূন্য, (D) $1/4 m \omega^2 A$

৬৪. এক ঘন মিটার আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে, তাকে কী বলে? (A) আর্দ্রতা, (B) পরম আর্দ্রতা, (C) আপেক্ষিক আর্দ্রতা, (D) শিশিরাক্ষ

৬৫. দুই তাপমাত্রার পার্থক্য 35°C । ফারেনহাইট স্কেলে এই পার্থক্য কত হবে?
(A) 60°F , (B) 77°F , (C) 63°F , (D) 83°F

৬৬. প্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপির পরিবর্তন:

(A) হ্রাস পায়, (B) বৃদ্ধি পায়, (C) শূন্য, (D) কোনোটিই নয়

৬৭. দুইটি তরঙ্গ মুখের মধ্যে দূরত্ব: (A) 2λ , (B) $\lambda/2$, (C) λ , (D) শূন্য

৬৮. তীব্র বজ্রনিঘোষের শব্দের তীব্রতার লেভেল কত?

(A) 50 db, (B) 100 db, (C) 110 db, (D) 30 db

৬৯. পরিবাহিতার একক কী? (A) Ohm^{-1} , (B) mho, (C) siemens, (D) সবগুলো

৭০. 220V পরিবর্তী প্রবাহ উৎসের শীর্ষমান:

(A) 100V, (B) 156V, (C) 311V, (D) 220V

৭১. নিম্নলিখিত কোন আলোর বিচ্ছৃতি সবচেয়ে বেশি?

(A) হলুদ, (B) সবুজ, (C) নীল, (D) কমলা

৭২. মান শূন্য নয় এমন একটি ভেক্টরকে তার মান দিয়ে ভাগ করলে পাওয়া

যায়: (A) একক ভেক্টর, (B) শূন্য ভেক্টর, (C) সমান ভেক্টর, (D) অবস্থান ভেক্টর

৭৩. তড়িৎ চৌম্বক বলের বাহক কণা কোনটি?

(A) মেসন, (B) পাইমেসন, (C) ফোটন, (D) গ্রাভিটন

৭৪. সূর্যকে ফোকাসে রেখে গ্রহসমূহ উপবৃত্তাকার পথে আবর্তন করে - এটি

কার সূত্র? (A) টলেমি, (B) কোপারনিকাস, (C) কেপলার, (D) টাইকেব্রাহে

৭৫. মহাকর্ষীয় বিভবের মানের ক্ষেত্রে কোনটি সঠিক?

(A) অসীম সর্বোচ্চ, (B) সর্বোচ্চ এক, (C) সর্বনিম্ন এক, (D) সর্বনিম্ন শূন্য

৭৬. একটি জাহাজ উত্তর-পূর্ব দিকে পূর্বদিকের সঙ্গে 60° ডিগ্রী কোণ করে 140

km দূরত্ব অতিক্রম করল। জাহাজটি যাত্রা বিন্দু হতে কতদূর পূর্বে গেল?

(A) 65 km, (B) 70 km, (C) 75 km, (D) 55 km

৭৭. 20m/sec গতিশীল একটি ট্রেনের বেগ প্রতি সেকেন্ডে কত মিটার বেগে

হ্রাস পেয়েছিল যাতে থেমে যাওয়ার আগে ট্রেনটি 100 m দূরত্ব অতিক্রম করে?

(A) 3 m^2 , (B) 4 m^2 , (C) 2 m^2 , (D) 5 m^2

৭৮. কত kg ভরের উপর 5N বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ 5 m/s বৃদ্ধি

পাবে? (A) 50 kg, (B) 36 kg, (C) 60 kg, (D) 70 kg

৭৯. একটি গাড়ির চাকার পরিধি 5m হলে 20km পথ অতিক্রম করতে চাকাটি

কতবার ঘুরবে? (A) 7000, (B) 4000, (C) 2000, (D) 5000

৮০. একটি পাখার কৌণিক বেগ $\pi \text{ rad/s}$ হলে মিনিটে সেটা কতবার ঘুরবে?

(A) 30, (B) 20, (C) 50, (D) 40

৮১. 80m উচ্চতা হতে একটি বল মেঝেতে পড়ে 64m লাফিয়ে উঠলে বলটির

প্রতিঘাতে শতকরা কত শক্তি হ্রাস পেয়েছিল?

(A) 15%, (B) 20%, (C) 30%, (D) 10%

৮২. একটি পাথরকে 30.6 m/s বেগে উপরের দিকে নিক্ষেপ করার 2 সেকেন্ড

পরে সেটার গতিশক্তি 100J হলে পাথরের ভর কত ছিল?

(A) 3 kg, (B) 4 kg, (C) 1.5 kg, (D) 2 kg

৮৩. R ব্যাসার্ধের পৃথিবী পৃষ্ঠ থেকে কত উচ্চতায় অভিকর্ষীয় ত্বরণের মান এক চতুর্থাংশ হবে? (A) 4R, (B) R, (C) R/2, (D) R/4

৮৪. একটি তরঙ্গে তরঙ্গ দৈর্ঘ্য 0.65 m এবং দুটি কণার মধ্যে পথ পার্থক্য 0.325 m হলে, দশা পার্থক্য কত হবে? (A) 2π , (B) $\pi/2$, (C) π , (D) 3π

৮৫. শব্দের কতগুণ গতিতে শব্দের স্থির উৎসের দিকে ধাবমান একটি বিমানের

পাইলটের শ্রুত শব্দের কম্পাংক হবে তিন গুণ?

(A) একই, (B) দ্বিগুণ, (C) তিনগুণ, (D) চার গুণ

৮৬. 10 cm তরঙ্গ দৈর্ঘ্যের শব্দের বেগ বাতাসে 330 m/s এবং অন্য একটি

মাধ্যমে প্রবেশ করলে এর তরঙ্গ দৈর্ঘ্য 50 cm হলে ঐ মাধ্যমে শব্দের বেগ কত? (A) 2700 m/s, (B) 1050 m/s, (C) 1650 m/s, (D) 3200 m/s

৮৭. দুটি সাবান বুদবুদের ভেতরকার অতিরিক্ত চাপের অনুপাত 1:2 হলে

তাদের ব্যাসার্ধের অনুপাত কত? (A) 1:2, (B) 4:1, (C) 1:4, (D) 2:1

৮৮. কোনো বস্তুর তাপমাত্রা কেলভিন স্কেলে 283K হলে ফারেনহাইট স্কেলে

কত হবে? (A) 30°F , (B) 36°F , (C) 60°F , (D) 50°F

৮৯. 10 moles গ্যাসের রুদ্ধতাপীয় সংকোচনের সময় অন্তর্গত শক্তির পরিবর্তন - 350J হলে কাজের পরিমাণ কত হবে?

(A) 150J, (B) 350 J, (C) -250 J, (D) -350 J

৯০. এক বায়ুমন্ডলীয় চাপে একটি আদর্শ গ্যাসকে উত্তপ্ত করে 1.0129×10^{23} J

কাজ পাওয়া গেলে ঐ গ্যাসের আয়তন বৃদ্ধির পরিমাণ:

(A) 2 m^3 , (B) $4 \times 10^{-4} \text{ m}^3$, (C) 10^{-2} m^3 , (D) $5 \times 10^{-4} \text{ m}^3$

৯১. 600m উচ্চতা হতে 10 kg-র একটি বস্তুকে ফেলে দেয়ার পর সব শক্তি

তাপে রূপান্তরিত হয়, তবে ঐ তাপের পরিমাণ হবে ($J=4.2 \text{ J/cal}$):

(A) 7 KCal, (B) 14 KCal, (C) 5.8 KCal, (D) 11.2 KCal

৯২. একটি কৃষ্ণ বস্তুর তাপমাত্রা তিন গুণ বৃদ্ধি করলে বিকিরণ কতগুণ বৃদ্ধি

পাবে? (A) 27, (B) 81, (C) 256, (D) 9

৯৩. একটি কার্নট ইঞ্জিন 500K তাপমাত্রার উৎস থেকে 300 cal তাপ গ্রহণ

করে এবং তাপ গ্রাহক 150 cal তাপ বর্জন করলে তাপগ্রাহকের তাপমাত্রা কত?

(A) 250 K, (B) 200 K, (C) 300 K, (D) 450 K

৯৪. তিনটি সমান ধারকত্বের ধারককে প্রথমে সমান্তরাল ও পরে শ্রেণীতে সংযুক্ত

করা হল। সমান্তরাল ও শ্রেণী সংযোগে তুল্য ধারকত্বের অনুপাত কত?

(A) 27:1, (B) 1:18, (C) 9:1, (D) 1:6

৯৫. একটি $0.2 \mu\text{F}$ ক্যাপাসিটরকে এমনভাবে চার্জ করা হল যেন প্লেটের মধ্যে

চার্জের সঞ্চিত শক্তি 0.001 J হয়। প্লেটের মধ্যে বিদ্যুৎ বিভব কত?

(A) 100V, (B) $2 \times 10^3 \text{ V}$, (C) 3×10^2 , (D) 80V

৯৬. একটি বাড়ির মেইন মিটারে 6 Amp - 220V চিহ্নিত করা আছে। ঐ

বাড়িতে নিরাপদে 60W-এর কয়টি বাল্ব ব্যবহার করা যাবে?

(A) 10, (B) 11, (C) 25, (D) 22

৯৭. একটি বৈদ্যুতিক হিটার 230V লাইন থেকে 2 amp প্রবাহ গ্রহণ করে।

হিটারটি কত ঘণ্টা ব্যবহারে 138 kwh ব্যায় হবে?

(A) 300 h, (B) 400 h, (C) 350 h, (D) 250 h

